
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
মুন্সীগঞ্জ সরকারি মহিলা কলেজ, মুন্সীগঞ্জ
ফোন: ০২-৯৯৭৭৩১২৪৮, মোবাইল: ০১৩-০৯১১১১৫৯
কলেজ কোড: ৩৫২৫, EIIN: 111159
E-mail: mmc2013bd@hotmail.com
Website: www.mgmc.edu.bd




বিজ্ঞপ্তি নং: ২০২৬/ তারিখ: ৩০/০৮/২০২৬ খ্রি

## ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য আবেদন করার নিয়মাবলী:

মুন্সীগঞ্জ সরকারি মহিলা কলেজে একাদশ শ্রেণির আসন সংখ্যা: বিজ্ঞান- ১০০, মানবিক- ৬০০, ব্যবসায় শিক্ষা- ১০০

► **ভর্তির আবেদনের যোগ্যতা: এই কলেজে ভর্তির আবেদন করার জন্য এসএসসি পরীক্ষার ফলাফলে নিম্নোক্ত যোগ্যতা থাকতে হবে-** বিজ্ঞান: সর্বনিম্ন জিপিএ ২.৫০, মানবিক: সর্বনিম্ন জিপিএ ২.০০, ব্যবসায় শিক্ষা: সর্বনিম্ন জিপিএ ২.০০

**একাদশ শ্রেণিতে ভর্তির যোগ্যতা ও নির্বাচন:**

► যে কোন শিক্ষাবর্ষে এস.এস.সি/সমমানের পরীক্ষার ফলাফল প্রকাশের সাল এবং ধারাবাহিকভাবে পূর্ববর্তী দুই সালে দেশের যে কোন শিক্ষা বোর্ড এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে এস.এস.সি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ নীতিমালার অন্যান্য বিধানাবলি সাপেক্ষে কোন কলেজ/সমমানের প্রতিষ্ঠানে একাদশ শ্রেণিতে অনলাইনে ভর্তির যোগ্য বিবেচিত হবে।

► বিদেশি কোন বোর্ড বা অনুরূপ কোন প্রতিষ্ঠান হতে সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক তার সনদের মান নির্ধারণের পর ভর্তির যোগ্য বিবেচিত হবে।

► ভর্তির আবেদনে একজন প্রার্থী যেভাবে বিভাগ নির্বাচন করতে পারবে। যেমন- (ক) বিজ্ঞান শাখা হতে উত্তীর্ণ শিক্ষার্থী বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার যে কোন একটি। (খ) মানবিক শাখা হতে উত্তীর্ণ শিক্ষার্থী মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার যে কোন একটি এবং (গ) ব্যবসায় শিক্ষা শাখা হতে উত্তীর্ণ শিক্ষার্থী ব্যবসায় শিক্ষা ও মানবিক শাখার যে কোন একটি।

► কলেজ/সমমানের প্রতিষ্ঠানে ভর্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট কলেজ/সমমানের প্রতিষ্ঠানের ৯৩% আসন সকলের জন্য উন্মুক্ত থাকবে যা মেধার ভিত্তিতে নির্বাচন করা হবে। শিক্ষা মন্ত্রণালয়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের সন্তানদের জন্য ১% এবং অধীনস্থ দপ্তর/সংস্থায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের সন্তানদের ক্ষেত্রে ১% সহ মোট ২% আসন মহানগর, বিভাগীয় ও জেলা সদরের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির জন্য নুন্যতম যোগ্যতা থাকা সাপেক্ষে সংরক্ষিত থাকবে। যদি আবেদনকারীর সংখ্যা বেশি হয় সেক্ষেত্রে তাদের নিজেদের মধ্যে মেধার ভিত্তিতে ভর্তির সুযোগ পাবে। আবেদনের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী কর্তৃক দপ্তর প্রধানের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। সংশ্লিষ্ট কর্মকর্তা নিজস্ব দপ্তরের প্রধান হলে সেক্ষেত্রে তাঁর একধাপ উপরের উর্ধ্বতন কর্মকর্তার প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার ভর্তির জন্য ৫% আসন সংরক্ষিত থাকবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাদের আসন নির্ধারণের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রমাণপত্র/গেজেটের সত্যায়িত কপি আবেদপত্রের সাথে সংযুক্ত করতে হবে এবং ভর্তির সময় মূল কপি প্রদর্শন করতে হবে। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তির মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে ইস্যুকৃত মুক্তিযোদ্ধা সনদ যথাযথভাবে যাচাই করে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা পাওয়া না গেলে মেধা তালিকা থেকে উক্ত আসনে ভর্তি করতে হবে। কোন অবস্থায় আসন শূন্য রাখা যাবে না।

**অনলাইনে ভর্তি:**

► শিক্ষার্থীরা অনলাইন আবেদনের জন্য www.xiclassadmission.gov.bd ওয়েব সাইট ঠিকানার মাধ্যমে সর্বনিম্ন ৫টি এবং সর্বোচ্চ ১০টি শিক্ষা প্রতিষ্ঠানে আবেদন করতে পারবে। আবেদনের ক্ষেত্রে ২২০/- (সার্ভিস চার্জ ব্যতিত) টাকা ফি প্রযোজ্য

হবে। আবেদন ফি অনলাইন পোর্টালের মাধ্যমে পেমেন্ট গেইটওয়ে (সোনালী সেবা এবং SSLCOMMERZ) এর বিভিন্ন ব্যাংক, কার্ড, মোবাইল ব্যাংকিং (যেমন বিকাশ, নগদ, রকেট, ইত্যাদি) ব্যবহার করে জমা দেওয়া যাবে। একজন শিক্ষার্থী যতগুলো কলেজে আবেদন করবে তার মধ্য থেকে শিক্ষার্থীর মেধা, কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) ও পছন্দক্রমের ভিত্তিতে একটি মাত্র কলেজে তার অবস্থান নির্ধারণ করবে।

▶ মোট ১(এক) টি পর্যায়ে ভর্তির ফলাফল প্রক্রিয়াকরণ করা হবে। নির্বাচিত শিক্ষার্থী নিজেই অনলাইনে বোর্ডের রেজিস্ট্রেশন ও অন্যান্য ফি বাবদ ৩৪০/- টাকা (সার্ভিস চার্জ ব্যতিত) জমা দিয়ে তার নির্বাচন নিশ্চায়ন করবে। একজন শিক্ষার্থী সর্বোচ্চ ১(এক) বার স্বয়ংক্রিয়ভাবে মাইগ্রেশনের জন্য বিবেচিত হবে। মাইগ্রেশন সর্বদাই শিক্ষার্থীর পছন্দক্রমানুসারে উপরের দিকে যাবে। তবে শিক্ষার্থীরা চাইলে নিজ Account এ লগইন করে স্বয়ংক্রিয়ভাবে মাইগ্রেশনের অপশনটি যেকোন পর্যায়ের জন্য খোলা ও বন্ধ রাখতে পারবে।

## ▶ ভর্তির আবেদন, ফল প্রকাশ, ভর্তি ও ক্লাস শুর সংক্রান্ত সিডিউল:

| ক্রম | বিষয় | তারিখ |
|---|---|---|
| ০১ | ভর্তির জন্য অনলাইনের মাধ্যমে আবেদন গ্রহণ (পুনঃনিরীক্ষণসহ পুনঃমূল্যায়নের জন্য যারা আবেদন করবে, আবেদনের যোগ্য হলে তাদেরও এই সময়ের মধ্যে আবেদন করতে হবে)। | **০২/০৯/২০২৬ (বুধবার) থেকে ১০/০৯/২০২৬ (বৃহস্পতিবার রাত ০৮:০০ পর্যন্ত)** |
| ০২ | (পুনঃনিরীক্ষণসহ পুনঃমূল্যায়নে ফলাফল পরিবর্তিত শিক্ষার্থীদের আবেদন গ্রহণ | ১২/০৯/২০২৬ (শনিবার) থেকে ১৩/০৯/২০২৬ (রবিবার রাত ০৮:০০ পর্যন্ত) |
| ০৩ | পছন্দক্রম পরিবর্তনের সময় | ১২/০৯/২০২৬ (শনিবার) থেকে ১৩/০৯/২০২৬ (রবিবার রাত ০৮:০০ পর্যন্ত) |
| ০৪ | নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশ | ১৭/০৯/২০২৬ (বৃহস্পতিবার রাত ০৮:০০ টায়) |
| ০৫ | শিক্ষার্থীদের নির্বাচন নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে নির্বাচন এবং আবেদন বাতিল হবে) | নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশের (১৭/০৯/২০২৬-বৃহস্পতিবার রাত ০৮:০০টার) পর থেকে ১৯/০৯/২০২৬ (শনিবার রাত ০৮:০০ পর্যন্ত) |
| ০৬ | কলেজে ভর্তির তারিখ | **২০/০৯/২০২৬ (রবিবার) থেকে ২২/০৯/২০২৬ (মঙ্গলবার) পর্যন্ত** |
| ০৭ | ক্লাস শুরু | **২৩ সেপ্টেম্বর, ২০২৬ (বুধবার)** |

* উল্লেখ্য অনলাইন ব্যতীত ম্যানুয়ালি কোন ভর্তি কার্যক্রম করা হবে না।

বিঃদ্রঃ ও নিয়মিত ক্লাসে ও ব্যবহারিক ক্লাসে উপস্থিতি, কলেজ নির্ধারিত ইউনিফর্ম পরিধান, সহ-পাঠ্যক্রম কার্যক্রমে অংশগ্রহণ বাধ্যতামূলক।

প্রতিস্বাক্ষর

০৩/০৮/২৬
প্রফেসর নিশাত নাহার
অধ্যক্ষ
মুন্সীগঞ্জ সরকারি মহিলা কলেজ মুন্সীগঞ্জ

প্রফেসর নিশাত নাহার
আইডি নং-০০০০৭৪০৫
অধ্যক্ষ
মুন্সীগঞ্জ সরকারি মহিলা কলেজ
মুন্সীগঞ্জ

০৩/০৮/২৬
প্রফেসর মুহঃ আসাফ-উদ-দৌলা
আহ্বায়ক, একাদশ শ্রেণি ভর্তি কমিটি- ২০২৬
ও
অধ্যাপক, বাংলা বিভাগ,
মুন্সীগঞ্জ সরকারি মহিলা কলেজ, মুন্সীগঞ্জ